

# সিডনিতে ‘জিরো ডিগ্রী’

–কাউসার খান, সিডনি থেকে

বাংলা সাইকো থ্রিলার ছবি ‘জিরো ডিগ্রী’ এখন বাংলাদেশ ছাপিয়ে অস্ট্রেলিয়ার সিডনিতে। কাল শূক্রবার স্থানীয় সময় সন্ধ্যা সাড়ে ৬ টায় হার্টসভিল গ্রেটার ইউনিয়ন সিনেমা হলে প্রিমিয়ার শো হিসেবে প্রথম প্রদর্শিত হবে।

প্লে হাউস প্রোডাকশনসের প্রযোজনায় ছবিটি পরিচালনা করেছেন গুণী নাট্যনির্মাতা অনিমেষ আইচ। অভিনেতা ও এ ছবির প্রযোজক মাহফুজ আহমেদ ব্যক্তিগত কাজে এখন সিডনিতে আছেন, তিনি বলেন, এটি একটি মনোমুগ্ধকর সিনেমার পূর্ণাঙ্গ প্যাকেজ, দেখলে সত্যি সত্যিই অপ্রত্যাশিত ভাবে শিহরিত হতে হবে। তবে শিহরণ শেষেই মুগ্ধতা। ভিল্লধর্মী গল্পের ছবি এটি, একটি বাণিজ্যিক ছবিতে যা কিছু থাকা দরকার সবকিছুই রয়েছে ছবিটিতে। আশা করছি ছবিটি দেখে দর্শকরা নিরাশ হবেন না। মাহফুজ আহমেদ, জয়া আহসান ও রুহী ছাড়াও এতে আরও অভিনয় করেছেন ইফতেখার জাইব, মীর রাব্বি, রনন রয়, তারিক আনাম খান, টেলি সামাদ, ইরেশ যাকের, লায়লা হাসান, শিরিন আলমসহ আরো অনেকে।

পরিচালনার পাশাপাশি ছবির কাহিনী, চিত্রনাট্যও করেছেন অনিমেষ আইচ। ছবিটির বেশিরভাগ শূটিং ঢাকা ও এর আশপাশে হয়েছে।

এছাড়া কিছু অংশ চিত্রায়িত হয়েছে সিঙ্গাপুরে।

সিডনিতে ‘জিরো ডিগ্রী’ ছবিটি সাড়া ফেলেছে। কাল মাহফুজ আহমেদ নিজেও থাকবেন প্রিমিয়ার শো’তে, গল্প করবেন চলচ্চিত্রটি নির্মাণের পেছনের গল্প নিয়ে।